উপজেলা পরিষদ

বালিয়াকান্দি, রাজবাড়ী

বালিয়াকান্দি উপজেলা পরিষদের ফেব্রুয়ারি/২০২৪ (৬৪তম) মাসের সভার কার্যবিবরণী

সভাপতি: জনাব মোঃ আবুল কালাম আজাদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী

সভার তারিখ: ২৭ ফেব্রুয়ারি,২০২৪, সময়: বেলা ১১.৩০ টা

সভার স্থান: উপজেলা পরিষদ সভা কক্ষ, বালিয়াকান্দি

সভায় উপস্থিত সদস্যবৃন্দ: পরিশিষ্ট "ক"

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দ: পরিশিষ্ট "খ"

সভার প্রারম্ভে সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ জনাব মোঃ আবুল কালাম আজাদ উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর উপজেলা নির্বাহী অফিসারকে এজেন্ডাভিত্তিক আলোচনা করার জন্য অনুরোধ করেন। আলোচনার শুরুতেই বিগত সভার কার্যবিবরণীতে আর কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়করণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

অত:পর সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, বালিয়াকান্দি, রাজবাড়ী সভার আলোচ্যসূচি মোতাবেক কার্যক্রম শুরু করেন।

| নং | বিভাগ/দপ্তর | আলোচ্য বিষয়/ আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | পরিষদের রাজস্ব, উন্নয়ন তহবিল, এডিপি, উপজেলা পরিচালন ও উন্নয়ন খাতের ব্যয় সমন্বয় | **(ক) উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয়ের বিল সমন্বয়ের তালিকা: (জানু:-ফেব্রু:/২৪)**<br>-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি এর বাসভবনের বাউন্ডারীর মেইন গেটের দরজার নতুন ডোর ক্লোজার পরিবর্তনের বিল-৩,৬০০/- টাকা<br>-ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর অফিস কক্ষের বাথ রুমের হাইকোমড মেরামত কাজের বিল-২,২৪০/- টাকা<br>ভাইস চেয়ারম্যানকে ডিসে:/২৩ মাসের সম্মানীভাতা-২৭,০০০/- টাকা<br>-মহিলা ভাইস চেয়ারম্যানকে ডিসে:/২৩ মাসের সম্মানীভাতা-২৭,০০০/- টাকা<br>-মালীর জানু:/২৪ মাসের মজুরী- ১২,৬৫০/- টাকা<br>-পরিচ্ছন্নকর্মীর জানু:/২৪ মাসের মজুরী-১২,৬৫০/- টাকা<br>-অখির চন্দ্র বাড়ই নিরাপত্তা কর্মীর ভাতা (জানু:/২৪) -১২,০০০/- টাকা<br>**(খ) উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে ব্যয়কৃত অর্থ সমন্বয়ের তালিকা- (জানু:-ফেব্রু:/২৪)**<br>-রামদিয়া বাজারে মুক্তিযোদ্ধা স্মৃতিফলক নির্মাণ ও সোনাপুর বাজারে মুক্তিযোদ্ধা স্মৃতিফলক নির্মাণ ৭,০৬,৭১৪/- টাকা<br>-উপজেলা শিশুপার্কের সম্প্রসারণ কাজের বিল-১,৩৮,৫২১/- টাকা<br>-সোনাপুর বাজারে আরসিসি রাস্তা নির্মাণ ( ভূমি অফিস হতে মাছবাজার পর্যন্ত) এবং নারুয়া বাজারে আরসিসি রাস্তা নির্মাণ ( শশাংক দোকান হতে মোস্তাফিজ এর দোকান পর্যন্ত)- ১,৭০,১৯৫/- টাকা<br>**(গ) উপজেলা পরিষদের উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প হতে পরিশোধকৃত বিল সমন্বয়ের তালিকা (জানু:-ফেব্রু:/২৪)**<br>-চলতি সময়ে কোন প্রকল্পের বিল পরিশোধিত হয়নি<br>**(ঘ) উপজেলা পরিষদের এডিপি তহবিল হতে ব্যয়কৃত অর্থ সমন্বয়ের তালিকা (জানু:-ফেব্রু:/২৪)**<br>-নিশ্চিন্তপুর আকবর মন্ডলের বাড়ীর নিকট পাকা রাস্তা হতে শালমারা স্কুল পর্যন্ত রাস্তা বিএফএস দ্বারা পাকাকরণ কাজের ১ম ও চূড়ান্ত বিল পরিশোধ- ৭,৯৬,৭০৮/- টাকা<br>-মেছুয়াঘাট গ্রামীন সড়ক ফ্লাটসলিং দ্বারা পাকাকরণ কাজের ১ম ও চূড়ান্ত বিল পরিশোধ- ৬,৯৬,৪৭০/- টাকা | আলোচনান্তে রাজস্ব, উন্নয়ন, এডিপি, পরিচালন ও উন্নয়ন খাত হতে পরিশোধকৃত বিল সমন্বয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা চেয়ারম্যান/ উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী |
| ০২ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি মেডিকেল অফিসার জানান যে, বালিয়াকান্দি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সকল কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে এবং সর্বপ্রকার রোগীদের চিকিৎসা সেবা কার্যক্রম অব্যহত রয়েছে। | ডেঙ্গু আক্রান্ত রোগীর সেবা প্রদানের বিষয়ে অধিকতর সতর্কতা অবলম্বনের জন্য উপজেলা স্বাস্থ্য কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিঃপরিঃ কর্মকর্তা |
| ০৩ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, "ক্ষুরা রোগ নিয়ন্ত্রন ও পিপিআর নির্মূল" প্রকল্পের আওতায় প্রতি ইউনিয়নের প্রতি ওয়ার্ডে পিপিআর টিকা অতি দ্রুত প্রদানের প্রয়োজনীয় কার্যক্রম প্রক্রিয়াধীন আছে। এই বিষয়ে স্থানীয় জনপ্রতিনিধির সাহায্য প্রদানের জন্য অনুরোধ করেন। এছাড়া আরো জানান যে, অক্টোবর/২৩ মাসে গবাদিপশু, হাঁস-মুরগীসহ বিভিন্ন প্রাণীর চিকিৎসার পাশাপাশি ৩২০০টি গবাদিপশু, ৩৭১০০টি হাঁস-মুরগীর টিকা প্রদান করা হয়েছে। | ইউনিয়ন পরিষদের ওয়ার্ড পর্যায়ে 'ক্ষুরা রোগ নিয়ন্ত্রন ও পিপিআর নির্মূল" প্রকল্পের আওতায় পিপিআর টিকার দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | হয়। | |
| | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে, রবি মৌসুমের ফসল সরিষা, গম, ভুট্টা, পেঁয়াজ, সূর্যমুখী, মুগ, মসুর, খেসারি এর প্রণোদনার বীজ ও সার বিতরণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। আগামী সপ্তাহে বোরো হাইব্রিড ধানের বীজ বিতরণ করা হবে। খামার যান্ত্রিককরন প্রকল্পের আওতায় মেশিন ও যন্ত্রাংশ মেশিন ও যন্ত্রাংশ রাখার জন্য উপজেলা প্রশাসনকে জোর ১১০০ স্কয়ার ফিট পরিমান একটি শুকপরিা কার জন্য ২০২৩-২০২৪ অর্থবছরে অত্র দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক আছে। সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় উন্নয়ন সহায়তায় ভর্তুকি মূল্যে কম্বাইন হারভেস্টার, রাইস ট্রান্সপ্লান্টার, রিপার ও রিপার বাইন্ডার যন্ত্র ক্রয়ে আগ্রহী কৃষকদের তালিকা আগামী ২৩/১১/২০২৩ তারিখের মধ্যে জমা করা হয়েছে। | কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় উন্নয়ন সহায়তায় ভর্তুকি মূল্য আগ্রহী কৃষকদের তালিকা যথাযথভাবে গ্রহনের জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ০৫ | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, মৎস্য বিভাগের স্বাভাবিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। আগামী ১২ অক্টোবর হতে ২ নভেম্বর পর্যন্ত মা ইলিশ সংরক্ষণ অভিযান সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম যথাভাবে চলমান রয়েছে। | মনিটরিং কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ০৬ | উপজেলা পরিঃপরিঃ বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, সেপ্টেম্বর/২৩ মাসে মোট সক্ষম দম্পতির সংখ্যা ৪৬৪২০ জন এর মধ্যে পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারীর দম্পতির সংখ্যা ৩৫০৩৪ জন । সিএ আর ৭৫.৪৭%, নব দম্পতি ৫৪ জন, নরমাল ডেলিভারী ০৪ জন, আইইউডি ১২ জন, ইমপ্ল্যান্ট ৫৪ জন , স্থায়ী পদ্ধতি গ্রহণকারী পুরুষ-০০ জন, মহিলা ০৪ জন। | পরিবার পরিকল্পনা ভিত্তিক স্বাস্থ্য সেবা কার্যক্রমের আরো গতিশীলতা আনয়নের লক্ষ্যে কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ০৭ | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার জানান যে, চলতি মাসের শেষ সপ্তাহে স্টোর থেকে বিদ্যালয় পর্যায়ে বই বিতরণ করা হয়েছে। এবং শিশু জরিপ করা হবে বলে সভাকে অবহিত করেন। | গৃহীত কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখার জন্য উপজেলা শিক্ষা অফিসার-কে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| ০৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, নতুন কারিকুলাম বাস্তবায়নে মাঠ পর্যায়ে পরিদর্শন ও মনিটরিং চলমান রয়েছে। ১৮ টি আবেদন অনলাইনে (নতুন এমপিও, উচ্চতর স্কেল, প্রোমোশন, ভুল সংশোধন) । শেখ রাসেল দিবস পালন, বিশ্ব হাতধোয়া দিবস পালন। এনটিআরসিএ এর সুপারিশ প্রাপ্ত শিক্ষকদের নিয়োগপত্র প্রগণ ও এমপিও আবেদন সংক্রান্ত, শিক্ষা প্রতিষ্ঠান চলাকালীন সময়ে কোচিং সেন্টার বন্ধ রাখা, ৫ অক্টোবর বিশ্ব শিক্ষক দিবস পালন, ডেঙ্গু প্রতিরোধে পরিচ্ছন্নতা সপ্তাহ পালন, নতুন কারিকুলামে প্রচারপত্র অভিভাবক ও কমিউনিটির মধ্যে প্রেরণ, ২০২৪ শিক্ষবর্ষে পাঠ্যপুস্তকের তথ্য জেলা শিক্ষা অফিসে প্রেরণ, ৬ষ্ঠ ও ৭ম শ্রেণির বার্ষিক মূল্যায়ন সংক্রান্ত নির্দেশনা শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণ। জাতীয় শিক্ষা সপ্তাহের সংস্কার বিতরণ সম্পন্ন হয়েছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | গৃহীত কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ০৯ | উপজেলা প্রকৌশলী বিভাগ | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের এডিপি খাতে সর্বমোট ৫৫.৭৬ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে। বরাদ্দপ্রাপ্ত এডিপি'র উক্ত অর্থ হতে চলতি সময় পর্যন্ত মোট ১৬টি প্রকল্পের বিপরীতে ৫৪,৯৩,০২৬/- টাকা এবং উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে ৫৬টি প্রকল্পের বিপরীতে ২,২৫,১৭,৫৭৮/- টাকা এবং ৫টি প্রকল্পের জামানত ফেরত বাবদ ৯,০৫,১০৬/- টাকাসহ সর্বমোট ২,৩৪,২২,৭০৪/-টাকার বিল পরিশোধ করা হয়েছে। এছাড়া রাজস্ব তহবিল ও অন্যান্য খাত হতে গৃহীত প্রকল্পের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে।<br><br>২) তিনি আরো জানান যে, নন মিউনিসিপ্যাল এড়িয়া উন্নয়নের জন্য নিম্নরূপ প্রকল্পগুলোর সাইড সিলেকশন প্রয়োজন। যাহা নিম্নে প্রদত্ত হলো। প্রকল্পসমূহ নিম্নরূপ:<br>ক। মৎস্য শেড এবং সারফেস ড্রেন নির্মাণ, নারুয়া বাজার, নারুয়া ইউনিয়ন<br>খ। মৎস্য এবং মাংস শেড নির্মাণ, সমাধিনগর বাজার, জঙ্গল ইউনিয়ন<br>গ। মৎস্য শেড এবং মাল্টিপারশেড নির্মাণ, সোনাপুর বাজার, নবাবপুর | ১। গৃহীত প্রকল্পসমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br><br>(২) নন মিউনিসিপ্যাল এড়িয়া উন্নয়নের জন্য প্রকল্প সমূহের সাইট সিলেকশন অনুমোদিত হলো । পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ইউনিয়ন<br>ঘ। মাল্টিপারপাস শেড আড়কান্দি বাজার, বহরপুর ইউনিয়ন<br>ঙ। মৎস্য শিড নির্মাণ, বালিয়াকান্দি বাজার, বালিয়াকান্দি ইউনিয়ন<br>চ। সারফেস ড্রেন নির্মাণ, বালিয়াকান্দি ইউনিয়ন, বেরুলী বাজার, সোনাপুর বাজার, রামদিয়া হাট, উপজেলা: বালিয়াকান্দি, জেলা: রাজবাড়ী<br>(৩) এছাড়া উপজেলা প্রকৌশলী উপজেলা রাজস্ব খাত হতে নিম্নোক্ত প্রকল্পটি বাস্তবায়নের জন্য সভায় প্রস্তাব উপস্থাপন করে বিস্তারিত আলোচনা করেন।<br>ক। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের চারপাশে বাউন্ডারী ওয়াল নির্মাণ প্রকল্প , যার প্রাক্কলিত মূল্য-৮,৪৫,০৬৩/- টাকা | ৩) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের চারপাশে বাউন্ডারী ওয়াল নির্মাণ প্রকল্প বাস্তবায়নের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | |
| ১০ | উপজেলা সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, ডিসেম্বর/২৩ মাসে ক্ষুদ্রঋণ বিতরণ/আদায়সহ প্রতিবন্ধী স্মার্টকার্ড বিতরণ এবং ক্যান্সার, কিডনী চেক বিতরণ করা হয়। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ভাতা সংক্রান্ত সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ১১ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। কোন সমস্যা নাই মর্মে সভাকে অবহিত করেন। | কাজের ধারাবাহিকতা বজায় রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১২ | উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান অত্র কার্যালয়ে জানুয়ারি/২৪ মাসের ভিডব্লিউবি এর চাল ৭টি ইউনিয়নে বিতরণ চলমান রয়েছে এবং সদর কার্যালয় কর্তৃক ভিডব্লিউবি কর্মসূচির উপকারভোগীদের প্রশিক্ষণ প্রদাপনের জন্য এনজিও নির্বাচিত হয়েছে। নির্বাচিত এনজিও (রিকো) কার্যক্রম শুরু করেছে। মা ও শিশু কর্মসূচির ক্ষিত্রে সদর কার্যালয়ের নিদের্শনা মোতাবেক ৭টি ইউনিয়নে ভাতাভোগী নির্বাচনের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে। | কাজের ধারাবাহিকতা বজায় রাখার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৩ | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। কোন সমস্যা নাই মর্মে সভাকে অবহিত করেন। | কাজের ধারাবাহিকতা বজায় রাখার জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৪ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, অত্র দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। যুব ঋণ চলতি আদায়ের হার আত্মকর্ম-৯৮.৮০% ও পরিবার ভিত্তিক-১০০% চলমান আদায় হয়েছে। যুব প্রশিক্ষণ (অপ্রা:) ১০(দশ) ব্যাচ সম্পন্ন হয়েছে। এছাড়া দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। | অপ্রাতিষ্ঠানিক যুব প্রশিক্ষণের প্রাপ্ত বরাদ্দ দ্বারা যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৫ | উপজেলা বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা সভায় জানান, অবৈধ করাত-কল মালিকদের বিরুদ্ধে নিয়মিত মামলা চলমান রয়েছে, বন বিভাগের অফিসের প্রবেশ রাস্তাটি পাঁকা করণের জন্য দৃষ্টি আকর্ষন করেন। এছাড়া দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে | অবৈধ করাতকলের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনার বিষয়টি অব্যহত রাখার জন্য উপজেলা বন কর্মকর্তাকে অনুরোধ করা হয় এবং বন বিভাগ অফিসের প্রবেশ রাস্তাটি পাঁকা করণের জন্য উপজেলা পরিষদের পক্ষ হতে আশ্বাস প্রদান করা হয়। | উপজেলা বন কর্মকর্তা |
| ১৬ | উপজেলা দূর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরে EGPP এর ১ম পর্যায়ের কাজ চলমান রয়েছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | কাবিটা/টিআর বরাদ্দের গৃহীত প্রকল্প সঠিকভাবে বাস্তবায়নের জন্য প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের সহকারী প্রকৌশলী জানান যে, (১) ২০২২-২৩ অর্থ বৎসরে ১৮২ টি পানির উৎস এর বডিং এবং (২) আশ্রয়ন প্রকল্পের পানির উৎসের টিউবওয়েল এর হেড/মাথা ১০০% সম্পন্ন হয়েছে। এছাড়া দাপ্তরিক সকল প্রকার কাজ সুন্দর ও সুষ্ঠভাবে চলমান রয়েছে। | নতুন করে জনস্বাস্থ্য মূলক প্রকল্প গ্রহণের জন্য তিতে সমাপ্ত করার জন্য সহকারী প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর |
| ১৮ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | সভায় উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলিটেটর জানান যে, 'আমতলা আইডিয়াল স্কুলে দ্বিতল ফাউডেশনসহ একতলা একাডেমিক ভবন নির্মাণ' প্রকল্পটির কার্যক্রম চলমান রয়েছে। অন্যান্য সকল দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবেই চলছে। | বর্ণিত প্রকল্পটির কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য উপজেলা প্রকৌশলী ও ইউডিএফকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী ও (ইউডিএফ) |
| ১৯ | তথ্যকেন্দ্র | তথ্যসেবা কর্মকর্তা জানান জানুয়ারি/২০২৪ মাসে তথ্যকেন্দ্র থেকে ডোর টু ডোর, তথ্যকেন্দ্র ও উঠান বৈঠকের মাধ্যমে ৮৬৪ জন নারীদেরকে শিক্ষা, স্বাস্থ্য, আইন, ব্যবসা, জেন্ডার, কৃষি সংক্রান্ত তথ্যসেবা ও অনলাইনে চাকরির আবেদন ও তথ্যপ্রযুক্তি ভিত্তিক সেবা প্রদান করা হয়েছে। এছাড়া তথ্যকেন্দ্রের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | উঠান বৈঠকের মাধ্যমে নারীদেরকে শিক্ষা, স্বাস্থ্য, আইন, ব্যবসা ইত্যাদি বিষয়ে সচেতন করার লক্ষ্যে কাজ করার জন্য তথ্যসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | তথ্যসেবা কর্মকর্তা |
| ২০ | বিবিধ | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদের বিভিন্ন সভা সেমিনারের আপ্যায়ন বাবদ নভেম্বর/২৩ হতে ফেব্রুয়ারি/২০২৪ মাস পর্যন্ত ০৪(চার) মাসের আপ্যায়নভাতা পরিশোধ করা হয় নাই। উক্ত বিল সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/ ব্যক্তিকে পরিশোধের জন্য সভায় প্রস্তাব উপস্থাপনপূর্বক বিস্তারিত আলোচনা করেন।<br>২। উপজেলা নির্বাহী অফিসার আরো জানান যে, শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস/২০২৪ উদযাপন উপলক্ষে ১৯/০২/২০২৪ খ্রি. তারিখে প্রস্তুতিমূলক সভায় রাজস্ব তহবিল হতে অতিরিক্ত ব্যয়ভার প্রাপ্তির সুপারিশের প্রেক্ষিতে অদ্যকার সভায় রাজস্ব তহবিল হতে উক্ত অতিরিক্ত ব্যয় প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। এছাড়া স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-০১ শাখার স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৬,২৬.৪৮৭.১২(অংশ-৩)-১০৬, তারিখ: ১২/২/২০২৪ খ্রি. মূলে 'জাতীয় স্থানীয় সরকার দিবস,২০২৪' এর ব্যয় রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য অনুমতি প্রদান করা হয়েছে। এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য সভায় আলোচনা করা হয়। | উপস্থাপিত প্রস্তাব আলোচনান্তে (১) নভেম্বর/২৩-ফেব্রুয়ারি/২৪ পর্যন্ত ৪ মাসের আপ্যায়নভাতা, (২) শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস/২০২৪ উদযাপন এর ব্যয় এবং (৩) জাতীয় স্থানীয় সরকার দিবস,২০২৪' এর ব্যয় রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২১ | উপজেলা পরিষদ | পরিশেষে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী জানান যে, অত্যন্ত প্রাণবন্তভাবে সভায় আলোচনা হয়েছে। বিভিন্ন বিভাগের সমন্বয়ের মাধ্যমে সরকারের গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের আহবানসহ উন্নয়নের ধারাবাহিকতা বজায় রাখার ব্যাপারে বিস্তারিত আলোচনা করেন।<br>২) এ পর্যায়ে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি জানান, জনাব মাহফুজুর রহমান, সিএটু উপজেলা পরিষদ ১২/০২/২০২৪ খ্রি. তারিখে একখানা আবেদন অবহিত করেছেন যে, উপজেলা পরিষদের ব্যবহৃত কম্পিউটার বর্তমানে বেশ কিছু ত্রুটি পরিলক্ষিত হয়েছে- যেমন সিপিইউ এর ইউএসবি পোর্ট, পাওয়ার সাপ্লাই, এন্টিভাইরাস, স্ক্যানার, হার্ডডিস্ক, মনিটর, ইউপিএস, স্পিকার, প্রিন্টারের কালী, পেন ড্রাইভ, কি-বোর্ড ও মাউস নতুন ক্রয় এবং সিপিইউ সার্ভিসিং করা প্রয়োজন মর্মে জানিয়েছেন। | সরকারের গৃহীত সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।<br>২) বর্ণিত কম্পিউটারটির সংশ্লিষ্ট যন্ত্রাংশ ক্রয় এবং সার্ভিসিংয়ের বিষয়ে উপজেলা প্রোগ্রামার, বালিয়াকান্দি এর সংযুক্তপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যদের আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ আবুল কালাম আজাদ
চেয়ারম্যান
উপজেলা পরিষদ,
বালিয়াকান্দি, রাজবাড়ী।

স্মারক নং-০৫.৩০.৮২০৭.০০৩.০৬.০০২.১৪-                                                                 তারিখ: ২৭ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি.

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, রাজবাড়ী-০২

০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার , পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০৩। জেলা প্রশাসক, রাজবাড়ী

০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, রাজবাড়ী

অনুলিপি: জ্ঞাতার্থে ও কার্যার্থে

০৫-০৬। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী

০০-২৪। উপজেলা ......................কর্মকর্তা/ প্রকৌশলী, বালিয়াকান্দি, রাজবাড়ী

২৫-৩১। চেয়ারম্যান ......................(সকল) ইউনিয়ন, বালিয়াকান্দি, রাজবাড়ী

৩২। অফিস কপি

রফিকুল ইসলাম
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, বালিয়াকান্দি
ও
উপজেলা নির্বাহী অফিসার
বালিয়াকান্দি, রাজবাড়ী।
টেলিফোন: ০২৪৭৮৮০৯৪০১
email-unobaliakandi@gmail.com

পরিশিষ্ট-'ক'

উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা (জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নয়)

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মো: আবুল কালাম আজাদ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | |
| ০২ | জনাব মোঃ মনিরুজ্জামান মনির | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৩ | বেগম খোদেজা বেগম | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৪ | জনাব আহম্মদ আলী | চেয়ারম্যান, ইসলামপুর ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব মোঃ রেজাউল করিম | চেয়ারম্যান, বহরপুর ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৬ | জনাব মোঃ বাদশা আলমগীর | চেয়ারম্যান, নবাবপুর ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৭ | জনাব মোঃ জহুরুল ইসলাম | চেয়ারম্যান, নারুয়া ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৮ | জনাব মোঃ আলমগীর বিশ্বাস | চেয়ারম্যান, বালিয়াকান্দি ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৯ | জনাব এ. কে. এম ফরিদ হোসেন | চেয়ারম্যান, জামালপুর ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ১০ | জনাব কল্লোল বসু | চেয়ারম্যান, জংগল ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ১১ | ডা. সজল কুমার সোম | মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অধিদপ্তর | স্বাক্ষরিত |
| ১২ | জনাব ডা. হাফিজুর রহমান | উপজেলা ভেটেরিনারি সার্জন | স্বাক্ষরিত |
| ১৩ | জনাব মোঃ রেজাউল করিম | উপজেলা পরিবার পরিঃ কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৪ | জনাব মোঃ রফিকুল ইসলাম | উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৫ | জনাব আবু সাঈদ | উপজেলা মৎস্য কর্মকর্তা (অ:দা:) | স্বাক্ষরিত |
| ১৬ | জনাব মোঃ আশরাফুল হক | উপজেলা শিক্ষা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৭ | জনাব মো: মেহফুজুর রহমান | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৮ | জনাব খন্দকার রাহাত ফেরদৌস | উপজেলা প্রকৌশলী | স্বাক্ষরিত |
| ১৯ | জনাব পারমিস সুলতানা | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২০ | জনাব জাহিদুর রহমান | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২১ | জনাব নাসরিন সুলতানা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২২ | জনাব আফরোজা জেসমিন | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২৩ | জনাব মোঃ নজরুল ইসলাম | উপজেলা সমবায় অফিসার | স্বাক্ষরিত |
| ২৪ | জনাবমোঃ আবু বকর সিদ্দিক | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২৫ | জনাব মোঃ রেজাউল করিম | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য ) | স্বাক্ষরিত |
| ২৬ | জনাব মোঃ আজিজুল হক | উপজেলা বন কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২৭ | জনাব কামরুন্নাহার | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২৮ | জনাব নাজিউর রহমান | ইউডিএফ, ইউডিজিপি | স্বাক্ষরিত |

অনুপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট-খ)

| ক্রমিক নং | নাম | পদবী |
|---|---|---|
| - | - | - |